

## 37921 - যে ব্যক্তি পেট ব্যথ্যাতে ভুগছেন

---

### প্রশ্ন

আমার পাকস্থলিতে একটি সমস্যা আছে; যার কারণে আমি রোযা রাখতে পারি না। আমি প্রতিদিনের বদলে একজন মিসকীনকে খাবার প্রদান করেছি। আর কিছু কি করার আছে?

### প্রিয় উত্তর

যদি এই রোগ যা আপনার রোযা রাখার পথে প্রতিবন্ধক হচ্ছে, এর থেকে আরোগ্য লাভের আশা থাকে; তাহলে আপনি যা করেছেন সেটা সঠিক। যেহেতু যে রোগীর রোগ এমন যে, নিরাময়ের আশা আছে এমন রোগীর উপর আবশ্যিক হলো প্রতিদিনের বদলে একজন মিসকীনকে খাদ্য খাওয়ানো। তার উপর অন্য কিছু বর্তাবে না।

আর যদি রোগটি থেকে নিরাময়ের আশা থাকে; তাহলে আপনার উপর আবশ্যিক হলো যে দিনগুলোর রোযা ভেঙ্গেছেন সেগুলোর কাযা পালন করা। এমতাবস্থায় খাদ্য খাওয়ানো আপনার জন্য জায়েয হবে না; যেহেতু আপনি কাযা পালন করতে পারবেন।